

# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

কল্যাণ ও গবেষণা বিভাগ

স্বাধীনতা ভবন

৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

www.bffwt.gov.bd

নম্বর ৪৮.০১.০০০০.৪০৬.৬০.০৬০.২৫

তারিখ: ৩৩/০৬/আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
৩০/০৬/সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

গত ০৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটির ৭০তম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (সিদ্ধান্ত: ২১(১) ও ২১(২)।

(১) “সকল জীবিত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ ঔষধ ও পথ্য বাবদ প্রতি মাসে নিম্নোক্ত হারে অর্থ প্রাপ্য হবেন;

সুবিধাজোগী বীর মুক্তিযোদ্ধা	মাসিক নির্ধারিত ঔষধ ও পথ্য ভাতা
বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক	৪,০০০/-
যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা (এ, বি ও সি শ্রেণি)	৪,০০০/-
যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা (ডি শ্রেণি)	২,০০০/-

(২) কোনো বীর মুক্তিযোদ্ধা গুরুতর অসুস্থ হয়ে ট্রাস্টের অনুমতিক্রমে নির্ধারিত হাসপাতালে ভর্তি হলে ট্রাস্ট কর্তৃক সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ বরাবর বিল পরিশোধ করবে”।

২। নির্বাহী কমিটির উপরিউক্ত সিদ্ধান্ত অনুযায়ী সকল জীবিত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ রাষ্ট্রীয় সম্মানি ভাতার সাথে নির্ধারিত হারে ঔষধ ও পথ্য বাবদ প্রাপ্য হবেন।

৩। এ আদেশ ০১ অক্টোবর ২০২৫ তারিখ হতে কার্যকর হবে। এই তারিখের পর চিকিৎসা এবং ঔষধ ক্রয় সংক্রান্ত কোন বিল প্রদানের আবেদন গ্রহণযোগ্য হবেনা। গুরুতর অসুস্থতার ক্ষেত্রে সিদ্ধান্ত (২) অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ মাহবুবের রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২২২৩৩৮১৮১৩

ই-মেইলঃ md@bffwt.gov.bd

নম্বর ৪৮.০১.০০০০.৪০৬.৬০.০৬০.২৫ ৬০৬৫

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

### অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (ক্ষেত্রে প্রযোজ্যক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (অর্থ/কল্যাণ ও গবেষণা/বাণিজ্য ও উন্নয়ন/প্রশাসন) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৪। উপদেষ্টার একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৬। মেডিকেল অফিসার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
- ৭। অফিস কপি/নোটিশ বোর্ড (সকল)।

(হাবিবুর রহমান)

পরিচালক, কল্যাণ ও গবেষণা (যুগ্মসচিব)